গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২১৭

**রমজান উপলক্ষ্যে নাটোরে কৃষি বিপণন দপ্তরের বাজার মনিটরিং**

রাজশাহী; ০৫ ফাল্গুন (১৮ ফেব্রুয়ারি):

আসন্ন পবিত্র রমজান মাসকে সামনে রেখে আজ বুধবার (১৮ ফেব্রুয়ারি) বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখতে নাটোর কৃষি বিপণন দপ্তর সদর উপজেলার বিভিন্ন বাজারে মনিটরিং কার্যক্রম পরিচালনা করেছে।

মনিটরিংকালে ব্যবসায়ীদের ক্রয় রশিদ সংরক্ষণ, হালনাগাদ মূল্য তালিকা প্রণয়ন ও দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়। পাশাপাশি অবৈধ মজুদ, অতিরিক্ত মূল্য আদায় এবং সিন্ডিকেটের মাধ্যমে বাজার অস্থিতিশীল করার অপচেষ্টা থেকে বিরত থাকতে ব্যবসায়ীদের সতর্ক করা হয়।

রমজান উপলক্ষে বাজার পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের তদারকি কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত থাকবে বলে দপ্তরটি জানিয়েছে। এসময় জনস্বার্থে ন্যায্যমূল্যে পণ্য সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবাইকে সহযোগিতার আহ্বান জানানো হয়।

.........................................................................

আলীম/তৌহিদ/আতিক/২০২৬/১৭:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd